বাংলাদেশে চীনা বিনিয়োগ বাড়ানোর আহ্বান প্রধানমন্ত্রীর



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

বাংলাদেশে চীনা বিনিয়োগ আরও বাড়ানোর আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। পাশাপাশি মোংলায় নতুন শিল্পকারখানা স্থাপন এবং দেশের উত্তরাঞ্চল পর্যন্ত অর্থনৈতিক কর্মকাণ্ড সম্প্রসারণে প্রয়োজনীয় অবকাঠামো গড়ে তোলার কথা জানিয়েছেন তিনি।

বৃহস্পতিবার (৫ নভেম্বর) বাগেরহাটের মোংলায় ইনভেস্ট বাংলাদেশ ও চীনের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান চায়না রেলওয়ে কনস্ট্রাকশন করপোরেশনের (সিআরসিসি) মধ্যে অর্থনৈতিক ও অবকাঠামোগত সহযোগিতাবিষয়ক সমঝোতা স্মারক সই হয়। প্রধানমন্ত্রীর উপস্থিতিতে দুই প্রতিষ্ঠানের প্রতিনিধিরা এতে স্বাক্ষর করেন।

এ উপলক্ষে সিআরসিসির চেয়ারম্যান দাই হেগেনের নেতৃত্বে আসা চীনা প্রতিনিধিদলের সঙ্গে বৈঠক করেন প্রধানমন্ত্রী। সেখানে দুই দেশের যৌথভাবে কাজ করার আগ্রহের কথা জানিয়ে বাংলাদেশে আরও বেশি বিনিয়োগ করতে চীনা প্রতিষ্ঠানগুলোর প্রতি আহ্বান জানান তিনি।

প্রধানমন্ত্রী বলেন, মোংলায় শিল্পকারখানা স্থাপনের নতুন উদ্যোগ নেওয়া হবে। এ অঞ্চলের সঙ্গে দেশের উত্তরাঞ্চলের অর্থনৈতিক যোগাযোগ বাড়াতে পর্যাপ্ত বিদ্যুৎ ও গ্যাস সরবরাহ নিশ্চিত করাও জরুরি। এ জন্য প্রয়োজনীয় অবকাঠামো দ্রুত গড়ে তোলার উদ্যোগ নেবে সরকার।

মধ্যপ্রাচ্যে চীনা প্রতিষ্ঠানগুলোতে বাংলাদেশি কর্মী নিয়োগের সুযোগ তৈরিতে সহযোগিতার জন্য প্রতিনিধিদলকে ধন্যবাদ জানান তারেক রহমান। দেশের অর্থনৈতিক ভিত্তি শক্তিশালী করার প্রচেষ্টায় চীনা বিনিয়োগকারীদের অংশগ্রহণকে স্বাগত জানিয়ে দিনটিকে গুরুত্বপূর্ণ ও আনন্দের বলে উল্লেখ করেন তিনি।